

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০২.১৯- ২৭৪০২

তারিখ: ২২/০৪/২০১৯

ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর-এর শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ৩০/০৪/২০১৯ তারিখ মঙ্গলবার বিকাল ০৩.৩০ ঘটিকায় দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। মৌখিক পরীক্ষা গ্রহণের সময় দুর্নীতি দমন কমিশনের গত ১০/০১/২০১৮ তারিখের ১০৮৬ নম্বর স্মারকে জারিকৃত 'নিয়োগ বিজ্ঞপ্তি'র ১৩(খ)-এর শর্তানুযায়ী নিয়োগপ্রার্থীদের (১) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (৩) প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (৪) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে। তাছাড়া চাকুরীরত ব্যক্তিদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। এছাড়া গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের এক সেট ফটোকপি সাথে নিয়ে আসতে হবে।

বিঃ দ্রঃ দুর্নীতি দমন কমিশনের নিয়োগ পরীক্ষায় কাউকে ঘুষ দিবেন না। কারো দ্বারা প্রতারণিত হবেন না। কেউ ঘুষ চাইলে, তাৎক্ষণিকভাবে দুদকের অভিযোগ কেন্দ্র ১০৬-এ অভিযোগ জানান। এ নিয়োগ শতভাগ সততা ও স্বচ্ছতার সাথে অনুষ্ঠিত হচ্ছে।



জালাল সাইফুর রহমান  
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)  
ফোন: ০২-৯৩৫২১১৫  
E-mail: d.admin@acc.org.bd